# বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন
## মুখপাত্র
## www.sec.gov.bd

সূত্র নং- বিএসইসি/ মুখপাত্র/০২/২০২৪/১৬৬

তারিখ: ০২ আশ্বিন ১৪৩২ বঙ্গাব্দ
১৭ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ

## প্রেস বিজ্ঞপ্তি

**বিষয়: ৯৭৩তম কমিশন সভা।**

বিএসইসি'র চেয়ারম্যান জনাব খন্দকার রাশেদ মাকসুদ এর সভাপতিতে ৯৭৩তম কমিশন সভা গত ১৬/০৯/২০২৫ তারিখে কমিশনের সভা কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছে:

১। ক) ACME Pesticides Limited এর উপর পরিচালিত অনুসন্ধান ও তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে পরিচালনা পর্ষদের ৪ জন সদস্য (ব্যবস্থাপনা পরিচালকসহ) যথা: Ms. Shanta Sinha (চেয়ারম্যান), Mr. Reza-ur-Rahman Sinha(ব্যবস্থাপনা পরিচালক), Mr. Ahsan Habib Sinha(পরিচালক), Mr. K M Heluar(পরিচালক); কোম্পানি সচিব-Mr. Sabuj Kumar Ghose, চীফ ফাইনান্সিয়াল অফিসার-Mr. Selim Reza এবং প্রতিবেদনে উল্লেখিত ব্যক্তি/প্রতিষ্ঠান প্লেসমেন্ট হোল্ডাররা যথা: Mr. Md. Afzal Hossain, SK Trims & Industries Limited, Mr. Md. Matiur Rahman, Bikrampur Potato Flakes Industries Limited, Mr. Tafazzal Hossain Forhad, Mr. Javeed A Matin, Bengal Assets Holdings Limited, Chittagong Pesticides & Fisheries Limited, Heritage Capital Management Limited, NRB Equity Management Limited, Ms. Anjoman Ara Begum, Brigadier General Sheikh Mohammad Sarwar, NRB Equity Management Ltd. (MDA), Ms. Touhida Akter, Mr. Md. Ruhul Azad ও Mrs. Ranu Islam; যারা শেয়ারের বিপরীতে কোন অর্থ পরিশোধ করেনি তাদের বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিবেদনটি দুর্নীতি দমন কমিশন (দুদক)-এ প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

খ) ACME Pesticides Limited এর ইস্যু ম্যানেজার Shahjalal Equity Management Limited (SEML) প্রসপেক্টাসে মিথ্যা বা অসংগত তথ্য দাখিলের মাধ্যমে উহার উপর অর্পিত দায়িত্ব যথাযথভাবে পালনে ব্যর্থ হওয়ার কারণে এর নিবন্ধন সনদ বাতিলের প্রক্রিয়া শুরুর সিদ্ধান্ত গৃহীত হয়।

গ) প্রি-আইপিও-কালিন কোম্পানির নিরীক্ষিত আর্থিক প্রতিবেদনে কোম্পানির বাস্তব আর্থিক অবস্থা সন্নিবেশিত করতে ব্যর্থ হওয়ার কারণে নিরীক্ষক Shiraz Khan Basak & Co. এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য প্রয়োজনীয় এনফোর্সমেন্ট প্রক্রিয়া শুরুর সিদ্ধান্ত গৃহীত হয়।

ঘ) আইপিও এর মাধ্যমে সংগৃহীত অর্থ ব্যবহার সংক্রান্ত বিষয়ে কোম্পানির নিরীক্ষিত আর্থিক প্রতিবেদনে যথাযথ তথ্য সন্নিবিশিত না থাকায়, নিরীক্ষক Shafiq Basak & Co. এর বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের জন্য বিষয়টি ফাইনান্সিয়াল রিপোর্টিং কাউন্সিল (FRC)-এ প্রেরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

২। ০১ ডিসেম্বর ২০২১ হতে ৩০ ডিসেম্বর ২০২১ সময়ে Sonali Paper & Board Mills Ltd. এর শেয়ার লেনদেনের ক্ষেত্রে সিকিউরিটিজ আইন ভঙ্গ করায় Genex Infosys Limited এর পরিচালনা পর্ষদের ৯ জন যথা: Mr. T.I.M Nurul Kabir (চেয়ারম্যান ও স্বতন্ত্র পরিচালক), Mr. Prince Mojumder (ভাইস চেয়ারম্যান), Mr. Shah Jalal Uddin (ভারপ্রাপ্ত ব্যবস্থাপনা পরিচালক ও সিইও), Mr. Chowdhury Fazle Imam(পরিচালক), Mr. Hassan Shahid Sarwar (Nominee of Oracle Services Limited), Mr. Mohammed Adnan Imam(পরিচালক), Mrs. Nilofar Imam(পরিচালক), Mrs. Rokeya Islam(স্বতন্ত্র পরিচালক), Mr. Zahrul Syed Bakht(স্বতন্ত্র পরিচালক); এর প্রত্যেককে ১.০৩ কোটি টাকা করে এবং Genex Infrastructure Ltd.-কে ২.৫৫ কোটি টাকা অর্থদন্ডে দন্ডিত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

৩। ক) সুহৃদ ইন্ডাস্ট্রিজ লিমিটেডের ৩০ জুন ২০১৯ তারিখে সমাপ্ত অর্থবছরের নিরীক্ষা ফার্ম ও নিরীক্ষক- এ হক অ্যান্ড কোং, চার্টার্ড এ্যাকাউন্ট্যান্টস; খ) রিংসাইন টেক্সটাইল লিমিটেডের ৩০ জুন ২০১৭,২০১৮,২০১৯ এবং ২০২০ তারিখে সমাপ্ত অর্থবছরের নিরীক্ষা ফার্ম ও নিরীক্ষকসমূহ যথাক্রমে: আহমেদ অ্যান্ড আক্তার, মাহফেল হক অ্যান্ড কোং, আতা খান অ্যান্ড কোং এবং সিরাজ খান বসাক অ্যান্ড কোং, চার্টার্ড এ্যাকাউন্ট্যান্টস; গ) আমান কটন ফাইব্রাস লিমিটেডের এর ৩০ জুন ২০২০ তারিখে সমাপ্ত অর্থবছরের নিরীক্ষা ফার্ম ও নিরীক্ষক- ইসলাম কাজী শফিক অ্যান্ড কোং, চার্টার্ড এ্যাকাউন্ট্যান্টস; এবং ঘ) ফারইষ্ট ইসলামী লাইফ ইন্স্যুরেন্স কোম্পানি লিমিটেডের ৩০ জুন ২০১৮ ও ২০১৯ তারিখে সমাপ্ত অর্থবছরের নিরীক্ষা ফার্ম ও নিরীক্ষক - মাহফেল হক অ্যান্ড কোং, চার্টার্ড এ্যাকাউন্ট্যান্টস; উল্লেখিত কোম্পানিসমূহের উল্লেখিত অর্থবছরের আর্থিক প্রতিবেদনসমূহে গুরুতর আর্থিক অনিয়ম ও সিকিউরিটিজ আইনের লঙ্ঘন থাকা সত্ত্বেও উহা নিরীক্ষা প্রতিবেদনে উত্থাপন না করার কারণে উক্ত সকল নিরীক্ষা ফার্ম এবং নিরীক্ষকসমূহকে পুঁজিবাজারের তালিকাভুক্ত সকল কোম্পানী, সকল ধরনের বিনিয়োগ স্কীম (যথাঃ মিউচ্যুয়াল ফান্ড, অল্টারনেটিভ ইনভেস্টমেন্ট ফান্ড ও এক্সচেঞ্জ ট্রেডেড ফান্ড) এবং পুঁজিবাজারে মধ্যস্থতাকারী সকল প্রতিষ্ঠানের অডিট ও অ্যাসিউর‍্যান্স কার্যক্রম পরিচালনার উপর নিষেধাজ্ঞা তথা পাঁচ বছরের জন্য অডিট ও অ্যাসিউর‍্যান্স কার্যক্রমে অংশগ্রহণে উক্ত সকল নিরীক্ষা ফার্ম এবং নিরীক্ষকসমূহকে কেন অযোগ্য ঘোষণা করা হবে না এই মর্মে ব্যাখ্যা তলব করে তাদেরকে শুনানী করার সিদ্ধান্ত গৃহীত হয়।

বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) এর পক্ষে

১৭/০৯/২০২৫

মোঃ আবুল কালাম
পরিচালক ও মুখপাত্র